অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/23/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল কমিউনিটি পর্যায়ে পরিচ্ছন্ন শক্তি সমাধান এবং সুযোগ প্রদান করতে সাহায্য করার জন্য 36 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের "আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব" উদ্যোগ চালু করার ঘোষণা দিয়েছেন

প্রোগ্রামটি কমিউনিটির সম্পৃক্ততা বৃদ্ধি করবে এবং অনগ্রসর কমিউনিটিগুলি যাতে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানাতর থেকে লাভবান হয় তা নিশ্চিত করবে

উদ্যোগটি ক্লাইমেট লিডারশীপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টের পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের অন্তত 35 শতাংশ সুবিধা অনগ্রসর কমিউনিটিগুলিকে প্রদান করার লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোচুল আজকে একটি নতুন 36 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের "আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব (Regional Clean Energy Hubs)" উদ্যোগ চালু করার ঘোষণা দিয়েছেন যা দশটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Council, REDC) অঞ্চলে আউটরিচ, সচেতনতা এবং শিক্ষা কেন্দ্র হিসাবে কাজ করবে, যাতে কমিউনিটির সম্পৃক্ততা বৃদ্ধি এবং অনগ্রসর কমিউনিটিগুলি যাতে নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তিতে স্থানাতর থেকে লাভবান হয় তা নিশ্চিত করা যায়।

আজকের ঘোষণা ক্লাইমেট লিডারশীপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্ট (Climate Leadership and Community Protection Act, CLCPA) এর অধীনে নিউ ইয়র্ক স্টেটের উচ্চাভিলাষী জলবায়ু লক্ষ্যগুলিকে সমর্থন করে, যার মধ্যে রয়েছে, 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রিনহাউজ গ্যাসের নির্গমন 85 শতাংশ হ্রাস করা এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগ সুবিধার 40 শতাংশ লক্ষ্যমাত্রা সহ কমপক্ষে 35 শতাংশ নিশ্চিত করা।

"আমাদের স্টেটের জাতির নেতৃআঞ্চলিক পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তর থেকে যাতে সকল নিউ ইয়র্কবাসী তাদের অবস্থান বা পরিস্থিতি নির্বিশেষে সুবিধা লাভ করতে পারে তা নিশ্চিত করার জন্য কমিউনিটি আউটরিচ এবং অংশগ্রহণ অত্যাবশ্যক," **গভর্নর হোচুল বলেন।** "এই নতুন উদ্যোগ নিউ ইয়র্কজুড়ে কমিউনিটিগুলিতে একসাথে কাজ করা এবং অংশীদারিত্বের লালন করে যাতে নিশ্চিত করা যায় যে বাসিন্দারা কেবল এই অভিযানে অংশগ্রহণই করবে না বরং, তারা তাদের মতামত তুলে ধরতে পারবে এবং ভবিষ্যতে কিভাবে পরিচ্ছন্ন শক্তি প্রোগ্রাম প্রয়োগ করা হবে সে সম্পর্কে অবদান রাখতে পারবে।"

লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন ইয়ংকার্সে আজকের ঘোষণা করেন।

"প্রতিটি অঞ্চলে পরিচ্ছন্ন শক্তি হাবের স্থাপনা অনগ্রসর কমিউনিটিগুলিকে তাদের ব্যবসা এবং বাড়ির জন্য শক্তি সংরক্ষণ সুবিধা প্রদান করা প্রোগ্রামগুলিতে আরও বেশি প্রবেশাধিকার দিবে এবং এর পাশাপাশি শক্তি শিল্পে দক্ষ কর্মীর ক্রমাগত বৃদ্ধিমান চাহিদা সম্পর্কে তাদের অবগত করবে," **লেফটেন্যান্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিন বলেন।** "এই নতুন উদ্যোগ স্টেটের কমিউনিটিগুলিতে নতুন সহযোগিতা এবং অংশীদারিত্বের সূচনা করবে এবং ঐতিহাসিকভাবে পিছিয়ে থাকা জনগোষ্ঠীকে নিউ ইয়র্কের প্রাণবন্ত পরিচ্ছন্ন শক্তি অর্থনীতির পূর্ণ সুবিধা উপভোগ করার সুযোগ দিবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব (Regional Clean Energy Hubs) উদ্যোগ অনগ্রসর কমিউনিটির মানুষদের পরিচ্ছন্ন শক্তি সুবিধা এবং সুযোগগুলি কাজে লাগাতে সাহায্য করতে উৎসুক যোগ্যতাসম্পন্ন সংস্থাগুলির দলের কাছ থেকে প্রস্তাব পাওয়ার আশা করছে।

একটি আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব হল একটি সংস্থা বা সংস্থার নেটওয়ার্ক, যা সেই অঞ্চলে কমিউনিটি প্যায়ে সেবা প্রদান করার জন্য অংশীদারিত্ব তৈরি এবং পরিচালনার দায়িত্ব প্রাপ্ত। পরিচ্ছন্ন শক্তি, শক্তি সাশ্রয়, সামাজিক সেবা, আবাসন, অর্থনৈতিক উন্নয়ন, স্বাস্থ্য, ইত্যাদি সেবা প্রদানে অভিজ্ঞতা সম্পন্ন সংস্থা এবং প্রশিক্ষণ সংস্থাসমূহকে তাদের কমিউনিটির সদস্যদের নতুন সেবা প্রদানের উপায় হিসাবে হাবের উন্নয়নে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।

NYSERDA এর প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) ডোরিন এম. হ্যারিস বলেন, "স্টেটজুড়ে অবহেলিত এবং অন্যান্য দিক থেকে অনগ্রসর কমিউনিটিগুলিতে আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব উদ্যোগ কমিউনিটি সম্পৃক্ততা বাড়াতে একটি গুরুত্বপূর্ণ ফ্রেমওয়ার্ক প্রদান করবে। পরিচ্ছন্ন শক্তি হাবগুলির মাধ্যমে যেসব সেবা প্রদান করা হবে তা সকল নিউ ইয়র্কবাসীর জন্য পরিচ্ছন্ন শক্তি এবং সবুজ ক্যারিয়ার পাথওয়ে সম্পর্কে নতুন সুযোগ প্রদান করবে যখন স্টেটের পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি বেড়ে চলেছে।"

এই প্রতিযোগিতামূলক বাছাই প্রক্রিয়ার মাধ্যমে, দশটি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল অঞ্চলের প্রতিটিতে একটি করে দশটি পর্যন্ত সংস্থা নির্বাচিত হবে যারা নিম্নোক্ত সেবা প্রদান করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন শক্তি অর্থনীতিকে অগ্রসর করবেঃ

- অনগ্রসর কমিউনিটির বাসিন্দা, ব্যবসা, অলাভজনক প্রতিষ্ঠান এবং একাধিক পরিবার বসবাসকারী ভবনের মালিকদের শক্তি সম্পর্কে জ্ঞান বৃদ্ধি করতে এবং গ্রাহকদের উপলভ্য প্রোগ্রাম এবং উৎস সম্পর্কে জানাতে সচেতনতা, আউটরিচ এবং শিক্ষা প্রদান;
- পরিচ্ছন্ন শক্তি প্রোগ্রামে বাসিন্দা এবং কমিউনিটির প্রবেশাধিকার এবং অংশগ্রহণ বাড়াতে সামাজিক সেবা, অর্থনৈতিক উন্নয়ন, আবাসন সেবা প্রদানকারী এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলির সাথে অংশীদারিত্ব করা;

- ভবিষ্যতের পরিচ্ছন্ন শক্তি প্রোগ্রামের পরিকল্পনা এবং বাস্তবায়নে বাসিন্দা এবং কমিউনিটির মতামতকে আরও বেশি গুরুত্বপ্রদান করার জন্য স্টেকহোল্ডারদের সাথে সম্পৃক্ততা;
- বাসিন্দাদের কর্মীদল প্রশিক্ষণ এবং পরিচ্ছন্ন শক্তি কর্মীদল উন্নয়ন সুযোগগুলির সাথে সংযোগ করিয়ে দেওয়া, যার ফোকাস হবে অনগ্রসর কমিউনিটিগুলিতে অগ্রাধিকারপ্রাপ্ত জনগোষ্ঠীকে ক্যারিয়ার পাথওয়ে প্রদান করা;
- অঞ্চলের চাহিদা অনুযায়ী টার্গেট করা কমিউনিটি ভিত্তিক আউটরিচ ক্যাম্পেন বাস্তবায়ন করা; এবং
- স্থানীয় চাহিদা এবং তাদের অগ্রাধিকারগুলিকে অগ্রসরকরে প্রকল্প অগ্রসর করা।

উপরন্তু, এই উদ্যোগের মাধ্যমে NYSERDA স্টেটজুড়ে বাড়ি এবং ব্যবসার জন্য শক্তি সঞ্চয় প্রোগ্রামের মত প্রোগ্রামের সুবিধার উপলভ্যতা বাড়াতে চায় যা মাসিক খরচ কমাতে পারে এবং সামগ্রিক মঙ্গল বৃদ্ধি করতে পারে, নবায়নযোগ্য শক্তি বিকল্প যা জীবাশ্ম জ্বালানীর উপর থেকে নির্ভরতা কমায় সে সম্পর্কে আরও তথ্য দিতে পারে এবং ক্রমবর্ধমান পরিচ্ছন্ন শক্তি অর্থনীতিতে থেকে চাকরির সুজগে অংশগ্রহণ সম্পর্কে সচেতনতা বাড়াতে পারে।

প্রস্তাব 23 নভেম্বর, 2021 পর্যন্ত গ্রহণ করা হবে।

প্রস্তাবগুলিকে দল অনুযায়ী ভাগ করার জন্য এবং সেবা প্রদানের ক্ষেত্রে অংশীদারিত্ব লালনের জন্য, একটি ক্লিয়ারিং হাউজ তৈরি করা হয়েছে এবং প্রস্তাব জমা দেওয়ার জন্য দল গঠনে আগ্রহী সংস্থাগুলির জন্য NYSERDA এর ওয়েবসাইটে উপলভ্য আছে। আঞ্চলিক সংস্থাগুলিকে এইসব জমা পর্যালোচনা করতে উৎসাহ দেওয়া হচ্ছে যাতে হাবের প্রস্তাবগুলি সর্বাঙ্গীণ হয় এবং ঐ অঞ্চলের চাহিদাগুলিকে অন্তর্ভুক্ত করে এবং সেবা প্রদানের জন্য অঞ্চলের অংশীদারিত্বের সুবিধা নেয়।

সম্ভাব্য দল গঠনের জন্য ক্লিয়ারিং হাউজের তালিকাভুক্ত হতে আগ্রহী সংস্থাগুলিকে অবশ্যই 22 নভেম্বর 2021 এর মধ্যে NYSERDA বরাবর একটি আগ্রহের বিবৃতি ফর্ম জমা দিতে হবে।

সিনেট এনার্জি সভাপতি কেভিন পার্কার বলেছেন, "জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি বাস্তব এবং আমাদের কমিউনিটিগুলিকে ক্ষতিগ্রস্ত করে চলেছে। এই আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব স্টেটের প্রতিটি অঞ্চলে প্রোগ্রাম, সেবা এবং পরিচ্ছন্ন শক্তিতে ক্যারিয়ার গঠনের সুযোগের সাথে নাগরিকদের সংযোগ স্থাপন করবে, বিশেষকরে অনগ্রসর কমিউনিটির বাসিন্দা এবং ব্যবসাগুলির সাথে, যেখানে এই সুবিধার সবচেয়ে বেশি প্রয়োজন।"

অ্যাসেম্বলি এনার্জি কমিটির চেয়ারম্যান মাইকেল কিউসিক বলেন, "স্টেটের পরিচ্ছন্ন শক্তি এবং গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে পৌঁছানোর জন্য বাসিন্দা, ব্যবসা এবং কমিউনিটির সম্পৃক্ততা অত্যাবশ্যক। স্থানীয় সংস্থাগুলির মাধ্যমে স্টেটজুড়ে আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব স্থাপন বাড়ির মালিক এবং ব্যবসাগুলিকে তথ্য, প্রোগ্রাম, এবং চাকরির সুযোগ প্রদান করবে, যখন আমরা পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি বৃদ্ধি করছি।"

অ্যাসোসিয়েশন ফর এনার্জি অ্যাফোরডেবিলিটি ইনকর্পোরেশন (Association for Energy Affordability Inc., AEA) এর নির্বাহী পরিচালক ডেভিড হেপিনস্টল বলেন, "গভর্নর হোচুল এবং NYSERDA আজকে যে আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব প্রতিষ্ঠার ঘোষণা করেছে তার পেছনের লক্ষ্যগুলিকে AEA গভীরভাবে সমর্থন করে। NYSERDA এর সহ-নকশা প্রক্রিয়ায় অন্যান্য কমিউনিটি ভিত্তিক অলাভজনক প্রতিষ্ঠানের সাথে অংশগ্রহণ এবং স্থানীয় পরিকল্পনা এবং কমিউনিটি সম্পৃক্ততার জন্য উল্লেখযোগ্য তহবিল প্রদানের স্টেটের প্রতিশ্রুতিতে তথ্য দিয়ে সাহায্য করতে পারার সুযোগের জন্য আমরা কৃতজ্ঞ, যা নিউ ইয়র্ক স্টেটজুড়ে নিম্ন আয়ের পরিবারগুলিকে এবং পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটিগুলিকে সমতাপূর্ণভাবে সুবিধা প্রদান করবে।"

এনার্জি ডেমোক্রেসি অ্যালায়েন্স (Energy Democracy Alliance, EDA) এর স্টিয়ারিং কমিটির সদস্য অ্যাডাম ফ্লিন্ট বলেন, "জলবায়ু সপ্তাহের সময় আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাবের প্রস্তাব জ্ঞ্রহনের ঘোষণা হওয়াতে এনার্জি ডেমোক্রেসি অ্যালায়েন্স খুবই আনন্দিত। এই প্রকল্পটি একটি সহ-নকশা প্রক্রিয়ার ফসল যাতে EDA, এবং NYSERDA এর নেতৃত্বে কমিউনিটি ভিত্তিক সংস্থার সহযোগিতা রয়েছে। অংশীদারিত্বের এই 'বেস্ট প্র্যাকটিস' রূপের প্রতি NYSERDA এর প্রতিশ্রুতি এবং কমিউনিটির সংস্থাগুলির সাথে ক্ষমতা বৃদ্ধি পরিচ্ছন্ন শক্তিতে স্থানান্তরের সুবিধার 40 শতাংশ বর্তমানের নোংরা এবং বিপজ্জনক শক্তি সিস্টেমের দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত কমিউনিটিতে পাঠানোর CLCPA এর লক্ষ্য পূরণের জন্য একটি সুসংবাদ। এই প্রোগ্রাম চালু করার জন্য NYSERDA এর সাথে কাজ করা এবং কমিউনিটির প্রয়োজনগুলিকে প্রোগ্রামের নকশায় অন্তর্ভুক্ত করতে আমরা মুখিয়ে আছি।"

আঞ্চলিক পরিচ্ছন্ন শক্তি হাব উদ্যোগের তহবিল অনগ্রসর কমিউনিটিতে শক্তি সাশ্রয় এবং পরিচ্ছন্ন শক্তি সমাধান বৃদ্ধির নিউ ইয়র্কের প্রায় 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অংশ যা গত বছর ঘোষিত হয়েছিল।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক রাজ্যের দেশ-নেতৃত্ব স্থানীয় জলবায়ুর কর্মসূচী হল দেশের সব চেয়ে আক্রমণাত্মক জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা পরিচ্ছন্ন শক্তিতে একটি সুশৃঙ্খল এবং ন্যায়সঙ্গত পরিবর্তনের আহ্বান জানায় যা কর্মসংস্থান সৃষ্টি করে এবং নিউ ইয়র্ক রাজ্য কোভিড-19 থেকে সেরে ওঠার সাথে সাথে সবুজ অর্থনীতির বিকাশ অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত, 2040 সালের মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎ খাতের লক্ষ্যমাত্রা অর্জনের পথে নিউ ইয়র্ক এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতিতে ব্যাপক কার্বন নিরপেক্ষতায় পৌঁছানো। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার নবায়নযোগ্য প্রকল্পে 21 বিলিয়নের মার্কিন বেশি, বিল্ডিং থেকে নিঃসরণ হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন মার্কিন, স্বচ্ছ পরিবহন উদ্যোগগুলির জন্য 1 বিলিয়নের মার্কিন বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.2 বিলিয়নের মার্কিন বেশি সহ, এটি স্বচ্ছ শক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে নির্মাণ করে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2019 সালে নিউইয়র্কের পরিচ্ছন্ন শক্তি খাতে 150,000 এরও বেশি চাকরি, 2011 থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বাতাস বিকাশের প্রতিশ্রুতিকে সমর্থন করছে। ক্লাইমেট অ্যাক্টের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতির উপর ভিত্তি

করে গড়ে তুলবে এবং 2050 সালের মধ্যে 1990 সালের তুলনায় গ্রিনহাউজ গ্যাসের নির্গমন 85 শতাংশ হ্রাস করবে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের জন্য পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের 40 শতাংশ লক্ষ্যমাত্রা অর্জনের এবং অন্তর্নিহিত বিদ্যুৎ সাশ্রয়ের 185 ট্রিলিয়ন BTUs দ্বারা অন-সাইটে থাকা বিদ্যুৎ ব্যবহার হ্রাসে স্টেটের 2025 সালেরশক্তি দক্ষতার অগ্রগতি অর্জনের লক্ষ্যে কমপক্ষে 35 শতাংশ নিশ্চিত করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন